



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আঞ্চলিক পরিচালকের কার্যালয়  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
বরিশাল বিভাগ।



ওয়েবসাইট: [www.rdobarishal.gov.bd](http://www.rdobarishal.gov.bd)  
ই-মেইল: [rdobarishal@gmail.com](mailto:rdobarishal@gmail.com)

স্মারক নং : ৫৭.০৩.০৬৫১.০০০.০৬৬.২১. ৪২১

তারিখ : ২৬/০৭/২০২২ খ্রিঃ

বিষয়ঃ কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন বরিশাল বিভাগের সরকারি পলিটেকনিক ইন্সটিটিউট এবং সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজসমূহে খাত ভিত্তিক বরাদ্দের তথ্য প্রেরণ প্রসঙ্গে।


সূত্র: কারিগরি শিক্ষা অধিদপ্তরের ২৪/০৭/২০২২ খ্রি. তারিখের ৫৭.০৩.০০০০.০০১.১৮.৫৫০.২২-২৯৬ নং স্মারক

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৯-২০২০, ২০২০-২০২১, ২০২১-২০২২ অর্থবছরে কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন বরিশাল বিভাগের সরকারি পলিটেকনিক ইন্সটিটিউট এবং সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজসমূহে বাজেট বরাদ্দ প্রদান এবং বরাদ্দের আলোকে বর্ণিত অর্থবছরসমূহে প্রতিষ্ঠানভিত্তিক বিভিন্ন খাতে ক্রয় ও মেরামত সম্পন্ন করা হয়েছে। সে মোতাবেক বরিশাল বিভাগের পলিটেকনিক ইন্সটিটিউট এবং টেকনিক্যাল স্কুল ও কলেজসমূহে ৩২৫৫১০১-কম্পিউটার সামগ্রী, ৩২৫৬১০৫-কাঁচামাল ও খুচরা যন্ত্রাংশ, ৩২৫৮১০৫- অন্যান্য যন্ত্রপাতি ও সরঞ্জামাদি মেরামত, ৩২৫৮১০৬- আবাসিক ভবন মেরামত, ৩২৫৮১০৮- অন্যান্য ভবন ও স্থাপনা মেরামত ও ৩২৫৮১০৭- অনাবাসিক ভবন মেরামত খাতে ও ক্রয় ও মেরামত হয়েছে এমন মালামালের তথ্য এবং ২০২২-২০২৩ অর্থবছরে বর্ণিত খাতে ক্রয় ও মেরামতের প্রয়োজনীয়তা আছে তাহার সম্ভাব্য চাহিদা সম্বন্ধে মোতাবেক আগামী দুই (০২) কার্যদিবসের মধ্যে পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর, বরিশাল বিভাগ বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো হলো।

সংযুক্তি: অধিদপ্তর কর্তৃক প্রেরিত ছক।

বিতরণ:

- ১। অধ্যক্ষ, সরকারি পলিটেকনিক ইন্সটিটিউট, বরিশাল বিভাগ।
- ২। অধ্যক্ষ, সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, বরিশাল বিভাগ।


  
(মোঃ ইসরাইল হোসেন)  
উপসচিব  
পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
বরিশাল বিভাগ।

স্মারক নং : ৫৭.০৩.০৬৫১.০০০.০২০.০৬৬.২১. ৪২১(৪)

তারিখ : ২৬/০৭/২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। পরিচালক (প্রশাসন/পলিটেকনিক/ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৩। সহকারী পরিচালক-১/৩/৫, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৪। সংরক্ষণ নথি।



(মোঃ ইসরাইল হোসেন)  
উপসচিব  
পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
বরিশাল বিভাগ।

ফোন: ০২৪৭৮৮৩০২১৪

